

## ইনোভেশন কমিটির মাসিক সভার কার্যবিবরণী


সভার তারিখ : ৩০/০৭/২০১৯ খ্রি:  
 সময় : সকাল ১১.০০ ঘটিকা  
 স্থান : সভাপতি/ ইনোভেশন অফিসার এর অফিস কক্ষ  
 সভাপতি : ড. মোঃ ছাইদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)  
 ও ইনোভেশন অফিসার, নাটা, গাজীপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি ড. মোঃ ছাইদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	কমিটি অনুমোদনঃ ড. মোঃ ছাইদুর রহমান, ডিডি (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা বলেন, গত ২০/০৬/২০১৯ খ্রি.তারিখের সভায় ইনোভেশন কমিটি পুনর্গঠন করা হয়েছে কিন্তু মহাপরিচালক, নাটা, মহোদয়ের অনুমোদন নেয়া হয় নাই। পরে বিস্তারিত আলোচনা শেষে কমিটি অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) নতুন কমিটির অনুমোদন গ্রহন।	সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা।
২	সভার তারিখঃ ইনোভেশন কমিটির সদস্য মোঃ সাইফুল ইসলাম, এসএডি, নাটা সভায় ইনোভেশন কমিটির মিটিং এর নির্দিষ্ট তারিখ ঠিক করার বিষয়টি উত্থাপন করেন।	ক) প্রতি মাসের ২৭ তারিখে ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠিত হবে। খ) ২৭ তারিখ ছুটি থাকলে পরবর্তী কর্মদিবসের সভা অনুষ্ঠিত হবে।	ইনোভেশন কমিটির সকল সদস্য।
৩	উদ্ভাবন কর্মশালাঃ ড. মোঃ ছাইদুর রহমান, ডিডি (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা বলেন, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে “নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক এক (০১) দিনের কর্মশালা” আয়োজন ইনোভেশন কমিটির একটা বিশেষ দায়িত্ব। কর্মশালাটি আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) আগামী অক্টোবর/২০১৯ মাসে কর্মশালাটি অনুষ্ঠিত হবে। খ) কর্মশালাটি ইন-হাউজ (ক্যাটাগরি-এ) প্রশিক্ষণের মাধ্যমে বাস্তবায়ন হবে। গ) কোর্স সমন্বয়ক, ইন-হাউজ (ক্যাটাগরি-এ)কে বিষয়টি অবহিত করা।	সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা।
৪	কিয়স্ক (KIOSK)/ ডেস্কটপ কম্পিউটার স্থাপনঃ নাটা ক্যাফেটেরিয়ার ওয়েলকাম সেন্টারে একটি কিয়স্ক মেশিন স্থাপনের বিষয়টি উল্লেখ করে মোঃ হাফিজ হাসান, এসএডি সভায় সবার দৃষ্টি আকর্ষণ করেন। প্রশিক্ষণার্থীদের অন-লাইন সেবা সহজীকরনসহ অন্যান্য সেবা প্রদানে এটি বিশেষ ভূমিকা রাখবে বলে তিনি উল্লেখ করেন। পরে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) কিয়স্ক মেশিন সরবরাহের জন্য পিডি, কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, ডিএই-কে অবহিত করা। খ) প্রকল্প থেকে কিয়স্ক মেশিন না পাওয়া গেলে সরাসরি ক্রয় করা। গ) কিয়স্ক মেশিনের বিকল্প হিসেবে অন-লাইন সুবিধাসহ একটি ডেস্কটপ কম্পিউটার স্থাপন। ঘ) কিয়স্ক মেশিনে অন-লাইন সেবা তথ্য/লিংক, সফটওয়্যার আপলোড করা।	ক-গ) সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা। ঘ) মোঃ হাফিজ হাসান, এসএডি ও ইনোভেশন কমিটির সদস্য, নাটা।
৫	SIP: Small Improvement Project (SIP) এর আওতায় প্রশিক্ষণার্থীদের কি কি সেবা প্রদান করা যায়-বিষয়টি সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা সভায় উত্থাপন করেন। সক্ষমতা ও বাস্তবায়নের উপযোগীতা যাচাই পূর্বক সভায় উপস্থিত সকলে সিদ্ধান্ত গৃহণ করেন।	ক) Small Improvement Project (SIP): • Garden Light • Safe Water Corner	ইনোভেশন কমিটির সকল সদস্য।
৬	বিবিধঃ ইনোভেশন কমিটি, নাটা Training MIS সহ আরও কি কি সেবা Digitalization করা যায়- সভায় বিষয়গুলি নিয়ে উন্মুক্ত আলোচনা হয় এবং আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) নাটা ট্রেনিং এমআইএস এপস্ তৈরি করা। খ) অন-লাইন ট্রেনিং রেজিস্ট্রেশন ১০০% নিশ্চিত করা। গ) ট্রেনিং সার্টিফিকেট প্রিন্টের জন্য A3 প্রিন্টার ক্রয়।	ইনোভেশন কমিটির সকল সদস্য।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি  
  
 ড. মোঃ ছাইদুর রহমান  
 উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)  
 ও  
 ইনোভেশন অফিসার, নাটা, গাজীপুর।